

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪ ১৬৮

শান্তিরবাজার, ১২ ডিসেম্বর, ২০২৩

শান্তিরবাজার মহকুমায় সহায়ক মূল্যে ধান ক্রয়ের সূচনা

শান্তিরবাজার মহকুমায় গতকাল থেকে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয়ের সূচনা হয়েছে। বকাফা কৃষি মহকুমার বেতাগা ফুড গোডাউনে গতকাল থেকে ধান ক্রয়ের কাজ শুরু হয়েছে। চলবে ৩১ ডিসেম্বর পর্যন্ত। ২১ টাকা ৮৩ পয়সা প্রতি কেজি দরে ধান ক্রয় করা হচ্ছে। প্রথম দিন ২০ জন কৃষকের কাছ থেকে ৪২.৫ মেট্রিকটন ধান ক্রয় করা হয়। এবছর এই কেন্দ্রে ৩ হাজার মেট্রিকটন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। আগামী জানুয়ারী মাস থেকে জোলাইবাড়িতে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয়ের কাজ শুরু হবে। গতকাল বেতাগা ধানক্রয় কেন্দ্রে কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের সময় উপস্থিত ছিলেন শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, বকাফা কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক রাজীব সেন, খাদ্য, জনসংতরণ ও ত্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের আধিকারিক মলয় চৌধুরী সহ অন্যান্য আধিকারিকগণ।
